দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 MAR 1989
পৃষ্ঠা ... [illegible] কলাম ...

51

রাকসু নির্বাচন

# সংগ্রাম পরিষদের দু'টি গ্রুপের মধ্যে সংঘর্ষে আহত ৫

॥ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

রাজশাহী, ১৮ মার্চ। — রাকসু নির্বাচন প্রশ্নে দ্বিখণ্ডিত ছাত্র সংগ্রাম পরিষদের দু'টি গ্রুপের মধ্যে আজ সকালে রাজশাহী

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## রাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ে প্রচণ্ড সংঘর্ষ হয়েছে। প্রায় আধা ঘন্টা ধরে ক্যাম্পাসে এই সংঘর্ষে গুলীর আওয়াজ পাওয়া গেছে। সংঘর্ষে পাঁচ জন আহত হয়েছেন।

আজ সকালে ছাত্র মৈত্রী, ছাত্র লীগ (মু-না), ছাত্র ইউনিয়ন, ছাত্র লীগ (বাসদ) ও ছাত্র ঐক্য সমিতির সমন্বয়ে গঠিত প্যানেল মুন্না বাবু পরিষদের পক্ষে একটি মিছিল বের হয়। অপরদিকে ছাত্র লীগ (সু-র) এবং জাতীয় ছাত্র লীগের যৌথ প্যানেল শাহ আলম রায়হান পরিষদের পক্ষ থেকে আরেকটি মিছিল বের হয়। উভয় মিছিল মুখোমুখি হলে সংঘর্ষ বেঁধে যায়। সংঘর্ষের সময় সাধারণ ছাত্র-ছাত্রীদের প্রাণ ভয়ে ছুটোছুটি করতে দেখা গেছে।

### ছাত্র দলের সাংবাদিক সম্মেলন

জাতীয়তাবাদী ছাত্র দলের রিজভী মুরাদ পরিষদের ভিপি পদপ্রার্থী জনাব রিজভী আহমদ আজ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টি করায় উদ্বেগ প্রকাশ করেছেন। ছাত্র দলের সুনিশ্চিত বিজয়কে ঠেকানোর অপচেষ্টা হিসেবেই পরিকল্পিতভাবে সন্ত্রাস সৃষ্টি করা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। তিনি সন্ত্রাসের তদন্ত এবং বেআইনী অস্ত্রধারীদের শাস্তি দানের আহবান জানান।

অপর এক সাংবাদিক সম্মেলনে ইসলামী ছাত্র শিবির সন্ত্রাসের জন্য ছাত্র সংগ্রাম পরিষদের নিন্দা করেছে। এছাড়াও সংঘর্ষের জন্য ছাত্র সংগ্রাম পরিষদের দুই গ্রুপ পরস্পরকে দায়ী করে সাংবাদিক সম্মেলন করেছে।